

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪২৮

আগরতলা, ১৬ জুন, ২০২৪

ঈদ-উল-জোহা উপলক্ষে মুখ্যমন্ত্রীর শুভেচ্ছা

ঈদ-উল-জোহা (বকরিদ) উপলক্ষে মুখ্যমন্ত্রী প্রফেসর ডা. মানিক সাহা মুসলিম সম্প্রদায়ের জনগণসহ রাজ্যবাসীকে আন্তরিক শুভেচ্ছা জানিয়েছেন। শুভেচ্ছা বার্তায় মুখ্যমন্ত্রী বলেন, ‘ঈদ-উল-জোহা (বকরিদ) হচ্ছে ত্যাগ, তিতিক্ষা ও আত্মশুদ্ধির উৎসব। আত্মশুদ্ধি, সংযম ও ত্যাগের মধ্যদিয়ে রচিত হয় আমাদের পারস্পরিক সৌহার্দ্য। রাজ্যের সার্বিক উন্নয়নের ধারায় উৎসবের এই বার্তা প্রসারিত হোক।’ শুভেচ্ছা বার্তায় মুখ্যমন্ত্রী রাজ্যের জনগণের সুস্থতা ও সুন্দর জীবন কামনা করেন।
